

প্রাণের মেলা, বইয়ের মেলা

অতঃপর সরগরম হয়ে উঠে আমাদের ঢাকার প্রাঙ্গণ।
ব্যস্ত হয় মায়েরা, ব্যতিব্যস্ত বাবাদের দল।
তার ছুটে যাবে বইয়ের মেলায়,
আহা! প্রাণের মেলায়; বর্ধমান হাউজের ধূসর আগিনায়।

সি,এন,জি'র প্রকোর্টে, ওঠে কাঁপে মিসেসের।
'তাহলে এখনও শেষ হয়ে যায়নি সব,
নিঃশেষ হয়নি, আমাদের রঙ্গিন ভুবন,'
আলোকের ছোঁয়ায় সিক্ত হয়, সাহেবের মন।

'পাশের ক্ল্যাটের কুমকুমদের থেকে
এখানটাতেই আমরা এগিয়ে,' মিসেস তুলেন রব।
'কই, তারা তো কখনো মেলায় যায়নি,
নিশ্চিত করে আনকালচারড সব।'

ওদিকে হই হই ক'রে ওঠে বাচ্চাগুলো,
কী আনন্দ! কী অপূর্ব! বই বই খেলা,
বইয়ের মেলা, আহা! প্রাণের মেলা।

'দ্যাখ দেখি কাও! আবার মেটাল ডিটেকটর কেন?'
সারা মুখ জুড়ে, ছড়িয়ে হাসির রেশ;
ফ্রন্ট টেবিলে, দামী সেটখানা রাখেন মিসেস।

'ওহ মাই গড! এত সব দোকান!
লাল বই, নীল বই, কত বই, কত বই।
ওমা! এ যে দেখছি লাইলী-মজলু,
গল্পে শুনছি নানীর কাছে, তার বইও দেখি আছে।
কী আশ্চর্য ঘটনা!

মেলায় না এলে, জানাই হ'তো না।'

এখানে,

সাহেবের হাত পড়ে 'নারী'র উপর।

ছলা করে ওঠে মিসেসের বুক।

'কে? আজাদ?

খবরদার! ছুঁবে না!

আমি বলছি, এ বই তুমি ছুঁবে না, ছুঁবে না বলছি।'

হুঙ্কার ছাডেন মিসেস।

মুহুর্তেই দার্শনিক হয়ে যান সাহেব।

যুক্তির আপরিমেয় শক্তি দিয়ে বুঝিয়ে দেন-
পছন্দের ব্যাপারটা মানুষের একান্তই নিজস্ব।

অনন্ত বিস্ময় নিয়ে বাচ্চাগুলো,

জ্ঞানী বাবার চোখে, চেয়ে থাকে অপলক।

ওখানে,

দুট্টু হাওয়ায়, উড়ে যায়;

চঞ্চল, তরুণীর শাড়ীর আঁচল।

থমকে যায় সাহেবের চার আশপাশ,

সুউন্নত বক্ষে, সমুল্লত দৃষ্টি;

উষ্ণ নিঃশ্বাসে- ভারি হয় শীতল বাতাস।

মনে পড়ে যায়, সে পুরুষ যে হয়।

কত কত দিন ধ'রে তবু এক ঠিকানায়?

প্রাণ ফিরে আসে তার প্রাণের মেলায়।

মিসেস বলেন,

'দ্যাখও দ্যাখও কী সুন্দর ছবি!

দশ মিনিটে, কী তাজব ব্যাপার,

দশ মিনিটে আমার ছবি?'

সাহেবের ঘোর কেটে যায়।

সাহেব বলেন,
'এই যে আঁকিয়ে মশাই,
দশ মিনিটেই যদি হবে,
আঁকুন দেখি একখানা তবো।'

হুবহু আঁকবো জনাব?

'সর্বনাশ! এ কেমন কথাটি আবার,
একটুউ, মানে - যেমন খুশি আপনারা।'

'আহা! ঝকঝকে ছবি, তকতকে ছবি!
কী অপূর্ব ছবি!
আশ্চর্য ছবি, কী আশ্চর্য ঘটনা!
মেলায় না এলে, জানাই হ'তো না।'
অতিতৃপ্ত, পরিতৃপ্ত মিসেস।

'এইমা! এ যে দেখছি স্বপ্নবৃত্তান্ত,
"সোলেমানী খোয়াবনামা"।
পড়ার পরে, দুবার বুকে ফুঁ দিন,
লিখেছেন, মাওলানা ফকরুদ্দিন।
আহা! কিনে ফেল বইখানা।'

'রাখও তোমার স্বপ্ন, আরে,
ওসব ব্যাখ্যা, সবাই দিতে পারে।
মাছ দেখলে টাকা আর গাছ দেখলে ফাঁকা'
চলও চলও চলও, রাত হ'লো বেশ,
আজকের মত মেলা হোক শেষ।'

আহা! বলার মত মেলা;
বইয়ের মেলা, প্রাণের মেলা, সার্থক বই মেলা।

হ'তে থাক বইমেলা শনি,সোম,রবি,
মুছে যাক 'নারী' আর মরে যাক কবি।

হায়! লেখক;
বইয়ের মেলায় আসে তারা, নয় সে বইয়ের জন্য,
তোমার সোনার বর্ণমালা, প্রদর্শনীর পণ্য।
তবু খুঁজে আন তুমি শব্দ সকল, ক'রে তন্ন তন্ন;
বুঝি ভিক্ষাবৃত্তি করেই জোগাও, তোমার ক্ষুধার অন্ন?

Poroshpathor81@yahoo.com
February 27, 2008